

৪। জাটকা নিধন প্রতিরোধ কার্যকালীন সময়ে মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের লক্ষ্যে নদীতে ও বাজারে ভ্রাম্যমান আদালত ও অভিযান পরিচালনা করতে হবে।

৫। জাটকা প্রবন ইউনিয়নগুলোতে প্রতিটি ওয়ার্ডে ০১ (এক) জন মেষ্ঠার-আহুবায়ক, ০১ (এক) জন গ্রাম পুলিশ- সদস্য ০১ (এক) জন স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে ০৩ (তিনি) সদস্য বিশিষ্ট ভিজিলেন্স টিম গঠন করতে হবে। তারা জাটকা নিধন প্রতিরোধের লক্ষ্যে নদীতে ও জেলেদেরকে সচেতন ও উপজেলা মৎস্য দপ্তরকে সার্বিক সহযোগীতা করবেন। কমিটি গঠনের বিষয়ে ও কার্যপরিষি উল্লেখ করে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জাটকা প্রবণ সংশ্লিষ্ট ইউনিয়ন এর চেয়ারম্যান মহোদয়গণকে পত্রের মাধ্যমে অবগত ও নির্দেশনা প্রদান করবেন।

সভাপতি ও কমিটির অন্যান্য সদস্য উপজেলা মৎস্য দপ্তর, আড়াইহাজার, নারায়ণগঞ্জ এর সার্বিক কার্যক্রমে প্রশংসা করেন এবং অনুরূপ কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানান।

সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মাননীয় জাতীয় সংসদ সদস্য-নারায়ণগঞ্জ-০২, উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন, জনপ্রতিনিধি, সাংবাদিকসহ উপজেলা মৎস্য দপ্তরের কার্যক্রম বাস্তবায়নে সহযোগীতার জন্য এবং উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটির সকল সদস্যকে সভায় উপস্থিত থেকে সার্বিকভাবে নির্দেশনা প্রদানের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(বর্ণা রহমান)

সভাপতি

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ স্থায়ী কমিটি

ও

ভাইস চেয়ারম্যান (মহিলা)

উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।